

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

বাণিজ্য মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী


| | | |
|----------|---|--|
| সভাপতি | : | মালেকা খায়রুন্নেছা অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| সময় | : | সকাল ১০:০০ টা |
| তারিখ | : | ০৪ সেপ্টেম্বর ২০২২ |
| স্থান | : | অতিরিক্ত সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় বাণিজ্য মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান কর্মপরিকল্পনা পর্যালোচনা ও বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------|---|--|---|
| ১. | (১.১) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | সকল দপ্তর সংস্থা কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনঃগঠন করে ওয়েবসাইটে তারিখ উল্লেখ পূর্বক আপলোড করতে হবে এবং পত্রের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া এ বিষয়ে ফোকাল পার্সন ও বিকল্প ফোকাল পার্সন মনোনয়ন দিতে হবে এবং মন্ত্রণালয়ের সভাসমূহে অন্য কোন কর্মকর্তা প্রেরণ না করে ফোকাল পার্সন এর উপস্থিতি এবং তার অনুপস্থিতিতে বিকল্প ফোকাল পার্সনের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | প্রশাসন-১ শাখা, বাণিজ্য মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর সংস্থা। |
| ২. | (১.২) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন | সকল দপ্তর সংস্থা কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার আয়োজন করতে হবে। প্রথম ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত ২য় ত্রৈমাসিক শেষ হওয়ার পূর্বে বাস্তবায়ন করতে হবে। অনুরূপভাবে ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত ৩য় ত্রৈমাসিক শেষ হওয়ার পূর্বে ৩য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত ৪র্থ ত্রৈমাসিক শেষ হওয়ার পূর্বে বাস্তবায়ন করতে হবে। ৪র্থ ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত জুন/২০২৩ এর মধ্যে বাস্তবায়ন করতে হবে। | প্রশাসন-১ শাখা ও সংশ্লিষ্ট সকল শাখা / অধিশাখা এবং আওতাধীন দপ্তর সংস্থা। |
| ৩. | (১.৩) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সংস্থার সমন্বয়ে কর্মক্ষেত্রে ২টি সভার আয়োজন করতে হবে। সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন-১ শাখা ও সংশ্লিষ্ট সকল শাখা/ অধিশাখা এবং আওতাধীন দপ্তর সংস্থা। |

| আয়োজন। | | |
|---|--|---|
| (১.৪) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | মন্ত্রণালয় এবং সকল দপ্তর সংস্থা কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করতে হবে। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল শাখাকে সেবা প্রদান প্রতিশ্রুতিতে নতুন কোন সেবা অন্তর্ভুক্ত হয়েছে কি না এবং অন্যান্য সকল তথ্যাদি পর্যালোচনা করে, বিশেষত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন করে সংশোধিত প্রস্তাব প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থাও অনুরূপভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে মন্ত্রণালয়কে অবহিত করবে। | প্রশাসন-১ শাখা ও সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা এবং আওতাধীন দপ্তর সংস্থা। |
| ৫. (২.১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার এপ্রিল/২০২৩ এর মধ্যে আয়োজন করতে হবে। | প্রশাসন-৭ শাখা, বাণিজ্য মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর সংস্থা। |
| ৬. (২.২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ের স্টেকহোল্ডারদের নিয়ে সর্বমোট ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | প্রশাসন-১ শাখা |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

 ১২/০৪/২০২২

(মালেকা খায়রুন্নেছা)
অতিরিক্ত সচিব (প্রশাসন)